

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩০০-আইন/আয়কর/২০১৫ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4)-এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুসারে ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance-এর section 2-এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন কোম্পানীতে নিয়োগকৃত বিদেশী প্রকর্মীকে উক্ত কোম্পানীতে তাহার নিয়োগের তারিখ হইতে ৩ (তিনি) বৎসরের জন্য ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ হইবার পর ৫(পাঁচ) বৎসর অতিক্রান্ত হইলে, উক্ত বিদেশী প্রকর্মী উক্তরূপ সুবিধা প্রাপ্য হইবেন না:

আরো শর্ত থাকে যে, উক্তরূপ অব্যাহতি প্রদানের পূর্বে উক্ত বিদেশী প্রকর্মীকে—

- (ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং  
(খ) উক্ত Ordinance-এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**ব্যাখ্যা:** এই প্রজ্ঞাপনে “বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ” বলিতে পার্কে পরিচালিত কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুবাইবে।

Bangladesh Tax Update  
[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিরুর রহমান

সচিব